

PAVENewsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

'ভালোবাসার উপহার' নিয়ে অসুবিধাগ্রস্ত মানুষের ঘরে ঘরে রামু উপজেলার সম্মানীত পিএফজি সদস্য অধ্যাপক ইজ্জত উল্লাহ। - মুহাম্মদ আব্দুর রব খাঁন, কক্সবাজার।

রামু উপজেলার সম্মানীত পিএফজি সদস্য ও উক্ত উপজেলার সুজনের সাধারণ সম্পাদক অধ্যাপক ইজ্জত উল্লাহর নেতৃত্বে সংকটকালীন সময়ে চার দেয়ালের ভেতর আটকে পড়া বঞ্চিত, অসহায়, অসুবিধাগ্রস্ত ও প্রতিবন্ধী মানুষের ঘরে ঘরে 'ভালোবাসার উপহার' হিসেবে পৌঁছে দেয়া হচ্ছে বিভিন্ন ধরনের খাদ্য সামগ্রী। এসময় জনাব ইজ্জত উল্লাহ বলেন, আমাদের উদ্দেশ্য হচ্ছে সমাজের সকল শ্রেণির মানুষকে সহযোগিতা করা তাই সাহায্য দেওয়ার সময় ত্রাণ শব্দটির পরিবর্তে ভালোবাসার উপহার বাক্যটি ব্যবহার করলে ধনী-গরিব নির্বিশেষে সকলের প্রতি সম্মান প্রদর্শন করা সম্ভব হয়।

গ্রামে গ্রামে মাস্ক বিতরণ করছেন পিএফজি সদস্য রিপা সিনহা। - কুদরত পাশা, সুনামগঞ্জ।



করোনাভাইরাস সম্পর্কে মানুষকে সচেতন করার অংশ হিসেবে সুনামগঞ্জের দিরাই উপজেলার বিভিন্ন গ্রামে মাস্ক বিতরণ করছেন সম্মানীত পিএফজি সদস্য, দিরাই উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এবং সুনামগঞ্জ মহিলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট রিপা সিনহা। উপজেলার বিভিন্ন গ্রামে কর্মজীবী নারী-পুরুষ এবং যারা এখনো পর্যন্ত মাস্ক ব্যবহার করেননি তাদের তিনি নিজের পক্ষ থেকে মাস্ক উপহার দেন।

এ সময় তিনি বলেন, করোনা ভাইরাস মহামারী আকারে দেখা দিয়েছে। এ মহামারীর হাত থেকে রক্ষা পেতে আমাদের সচেতন হতে হবে। এক্ষেত্রে সবচেয়ে উত্তম হচ্ছে প্রত্যেকে নিজের ঘরে থাকা, বিনা প্রয়োজনে বাহিরে না যাওয়া এবং সামাজিক দূরত্ব নিশ্চিত করা। তিনি আরো বলেন, আমাদের সবাইকে প্রয়োজন ছাড়া বাজারে বা পয়েন্টে যাওয়া পরিহার করতে হবে। আমরা সবাই সচেতন হয়ে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে করোনার বিরুদ্ধে জয়ী হব।



অন্যদিকে সমাজে সবচেয়ে বেশি সমস্যাগ্রস্ত হল প্রতিবন্ধী ব্যক্তির। সেজন্য খাদ্য সহায়তা দেয়ার সময় আমরা তাদের প্রতি বিশেষ দৃষ্টি রাখছি। উক্ত কার্যে সম্মানীত পিএফজি সদস্য মুক্তিযোদ্ধা মোজাফফর আহমদ সহ রামুর আরো নয়জন সাহসী সন্তান জনাব ইজ্জত উল্লাহকে সার্বিক সহযোগিতা করে যাচ্ছেন। জনাব ইজ্জত উল্লাহ আরো বলেন, দুঃস্থ মানুষের কল্যাণে তাদের এই নীরব ও গোপন বিপ্লব অব্যাহত থাকবে।